



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১১১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৭৫

তারিখঃ ২৪ আগস্ট ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ এবং জাতীয় মানবাধিকার কমিটি, কাতার

এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

২৪শে আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় সোনারগাঁ হোটলে কমিশনের উদ্যোগে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন জনাব আনিসুল হক, এম. পি, মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। সভাপতিত্ব করেন ড. কামাল উদ্দিন আহমেদ, মাননীয় চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন। কমিশনের পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন কমিশনের সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ সেলিম রেজা। কাতারের মানবাধিকার কমিশনের পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ সাইফ আল কুয়ারি, ডেপুটি চেয়ারপারসন, জাতীয় মানবাধিকার কমিটি, কাতার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মইনুল কবির, সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। এছাড়াও, অনুষ্ঠানে জাতীয় মানবাধিকার কমিটি, কাতার এর মহাসচিব সুলতান আল জামালি, বাংলাদেশে নিযুক্ত কাতার দূতাবাসের চার্জ দ্যা অ্যাফেয়ার্স সাদ্দ জারাল্লা আল- সামিখ, এবং উক্ত দূতাবাস ও কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ, সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত সমঝোতা চুক্তির আওতায় দুই দেশের মানবাধিকার কমিশন/ কমিটি আন্তর্জাতিক কনভেনশনের আলোকে নিজ নিজ জাতীয় আইনি কাঠামো শক্তিশালীকরণ, মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ এবং যৌথ গবেষণা সম্পাদন, যৌথভাবে সচেতনতা বৃদ্ধি ও মিডিয়া কার্যক্রম গ্রহণসহ বিভিন্ন কার্যক্রম যৌথভাবে সম্পাদন করতে পারবে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনাব আনিসুল হক পিছিয়ে পড়া জনগোষ্ঠী বিশেষত প্রবাসী শ্রমিকদের অধিকার সুরক্ষায় কাতার ও বাংলাদেশের জাতীয় মানবাধিকার কমিশন একযোগে কাজ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, জাতীয় মানবাধিকার সংস্থাসমূহ নিজ নিজ দেশের মানবাধিকার সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখে। আমি আশা করব, এই সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ ও কাতারের মানবাধিকার কমিশন মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নে নিজেদের মধ্যে অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে সমৃদ্ধ হবে।

সমঝোতা স্মারক স্বাক্ষরের পর দুই কমিশনের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কাতারে বসবাসরত বাংলাদেশী প্রবাসী শ্রমিকদের অধিকার সুরক্ষায় কাতারের মানবাধিকার কমিটির সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এছাড়াও, আন্তর্জাতিকভাবে জাতীয় মানবাধিকার কমিশন-কে এ স্ট্যাটাস প্রাপ্তির বিষয়ে কাতারের মানবাধিকার কমিশন সর্বাঙ্গিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করে। কমিশন চেয়ারম্যান ড কামাল উদ্দিন আহমেদ বলেন, “কাতারের জাতীয় মানবাধিকার কমিটির চেয়ারপারসন গ্লোবাল এলায়েন্স অফ ন্যাশনাল হিউম্যান রাইটস ইম্প্রুভমেন্টস এর চেয়ারপারসন। কাজেই বাংলাদেশের কমিশনকে এ স্ট্যাটাস প্রাপ্তির ক্ষেত্রে কাতারের মানবাধিকার কমিশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ফলে, এই সমঝোতা স্মারক স্বাক্ষর আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ।”

ধন্যবাদান্তে/-

স্বাক্ষরিত/-

ফারহানা সাদ্দ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন